# ওভোক্যাল-মম্

ক্যালসিয়াম (এগশেল থেকে তৈরি), ভিটামিন ডি$_{৩}$ এবং ১৯টি ভিটামিন এবং মিনারেল

## উপাদান

**ওভোক্যাল-মম:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে ক্যালসিয়াম কার্বোনেট বিপি (এগশেল থেকে তৈরি ৭৫০.০০ মিগ্রা যা ক্যালসিয়াম ৩০০ মিগ্রা + ভিটামিন ডি (ড্রাই ভিটামিন ডি$_{৩}$ কোলেক্যালসিফেরল ১,০০,০০০ আইইউ/গ্রাম) বিপি ৮.০০ মিগ্রা, যা ভিটামিন ডি ৮০০ আইইউ + ভিটামিন এ (বেটা-ক্যারোটিন ২০%) বিপি ৭.৫০ মিগ্রা যা ভিটামিন এ ২৫০০ আইইউ + ভিটামিন সি (অ্যাসকর্বিক এসিড) বিপি ১২৩.৭১১ মিগ্রা যা ভিটামিন সি ১২০ মিগ্রা + ভিটামিন ই (ড্রাই ভিটামিন ই এসিটেট ৫০%) ইউএসপি ৬০.০০ মিগ্রা যা ভিটামিন ই ৩০ আইইউ + ভিটামিন কে (ড্রাই ভিটামিন কে$_{১}$ ৫%) ইউএসপি ০.৫০০ মিগ্রা যা ভিটামিন কে ২৫ মাইক্রোগ্রাম + থায়ামিন মনোনাইট্রেট বিপি ২.৩০ মিগ্রা (ভিটামিন বি$_{১}$) + রিবোফ্লাভিন বিপি ২.৬০ মিগ্রা (ভিটামিন বি$_{২}$) + নিয়াসিন (নিকোটিনামাইড) ইউএসপি ৩০.০০ মিগ্রা + পাইরিডক্সিন হাইড্রোক্লোরাইড বিপি ৩.০০ মিগ্রা (ভিটামিন বি$_{৬}$) + ফলিক এসিড বিপি ০.৪০০ মিগ্রা + সায়ানোকোবালামিন (সায়ানোকোবালামিন ০.১%) বিপি ৯.০০ মিগ্রা, যা ভিটামিন বি$_{১২}$ ৯ মাইক্রোগ্রাম + বায়োটিন ইউএসপি ০.৩০০ মিগ্রা + ক্যালসিয়াম ডি প্যান্টোথেনেট বিপি ১০.৮৬৯ মিগ্রা যা প্যান্টোথেনিক এসিড ১০ মিগ্রা + ড্রাই ফেরাস সালফেট বিপি ৫৬.৯৩৪ মিগ্রা যা আয়রন ১৮ মিগ্রা + ম্যাগনেসিয়াম অক্সাইড বিপি ৮২.৯০ মিগ্রা যা ম্যাগনেসিয়াম ৫০ মিগ্রা + জিংক অক্সাইড বিপি ১৮.৬৭১ মিগ্রা, যা জিংক ১৫ মিগ্রা + সোডিয়াম সেলিনেট ফার্মা. গ্রেড ০.০৪৮ মিগ্রা যা সেলেনিয়াম ২০ মাইক্রোগ্রাম + কিউপ্রিক অক্সাইড ফার্মা. গ্রেড ২.৫০৩ মিগ্রা যা কপার ২ মিগ্রা + ম্যাঙ্গানিজ সালফেট বিপি ৬.১৫২ মিগ্রা যা ম্যাঙ্গানিজ ২ মিগ্রা + ক্রোমিক ক্লোরাইড ইউএসপি ০.৬১৫ মিগ্রা যা ক্রোমিয়াম ১২০ মাইক্রোগ্রাম এর সমতুল্য।

## বিবরণ

ওভোক্যাল-মম ট্যাবলেট টি হলো ক্যালসিয়াম কার্বোনেট (এগশেল থেকে তৈরি), ভিটামিন ডি, ভিটামিন এ, ভিটামিন সি, ভিটামিন ই, ভিটামিন কে, থায়ামিন (ভিটামিন বি$_{১}$), রাইবোফ্লাভিন (ভিটামিন বি$_{২}$), নিয়াসিন, ভিটামিন বি$_{৬}$, ফোলিক এসিড, ভিটামিন বি$_{১২}$, বায়োটিন, প্যান্টোথেনিক এসিড, আয়রন, ম্যাগনেসিয়াম, জিংক, সেলেনিয়াম, কপার, ম্যাঙ্গানিজ, ক্রোমিয়াম এর সমন্বয়ে। এটি ১০০ ভাগ প্রাকৃতিক, অত্যন্ত হজমসহনীয় (৯৮%), অধিক শোষণকৃত, পরিবেশ বান্ধব ক্যালসিয়াম।

## ফার্মাকোলজি

ক্যালসিয়াম মানবদেহে অত্যন্ত গ্ররুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যা হাড়, স্নায়ুকোষ, পেশি এবং দেহের অন্যান্য গুরুত্বপূর্ণ অঙ্গানুর স্বাভাবিক কার্যকলাপের জন্য খুবই প্রয়োজনীয়। যদি শরীরে পর্যাপ্ত পরিমান ক্যালসিয়াম না থাকে, তাহলে দেহ হাড় থেকে ক্যালসিয়াম নেয়া শুরু করে, যার ফলে দূর্বল হাড় ও হাড় ক্ষয়জনিত বিভিন্ন রোগ ব্যাধি হওয়ার ঝুঁকি বেড়ে যায়। ভিটামিন ডি$_{৩}$ শরীরের ক্যালসিয়াম শোষনে সহায়তা করে। শরীরে সঠিক পরিমানে ক্যালসিয়াম ও ভিটামনি ডি$_{৩}$ মজবুত হাড় ও সতেজ পেশি গঠনে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে। ম্যাগনেসিয়াম হাড়ের দৃঢ়তা বাড়ায়। ভিটামিন এ ভাল দৃষ্টি, সুস্থ ত্বক, নখ এবং চুল গঠনে সহায়তা করে। ভিটামিন ই কোষের অ্যান্টিঅক্সিডেন্ট হিসেবে কাজ করে। ভিটামিন সি মাড়ি, ত্বক এবং যোজক কলার জন্য একটি সহায়ক উপাদান। ফলিক এসিড কোষ বিভাজন এবং রক্ত ও কোষ তৈরীতে ভূমিকা পালন করে। আয়রন দেহে অক্সিজেন সরবরাহের জন্য ভূমিকা পালন করে। সেলেনিয়াম মানবদেহের রোগ প্রতিরোধ ক্ষমতাকে শক্তিশালি করে। ভিটামিন বি$_{৬}$ প্রোটিন, চর্বি এবং কার্বোহাইড্রেট থেকে শক্তি উৎপন্ন করতে সাহায্য করে। বায়োটিন সুস্থ ত্বক এবং চুল গঠনে সাহায্য করে। প্যান্টোথেনিক এসিড ত্বক এবং মিউকাস মেমব্রেন এর সুস্থতা বজায় রাখতে সাহায্য করে। কপার, ম্যাংগানিজ, জিংক এবং ক্রোমিয়াম এমন কিছু ছোট উপাদান যা স্বাস্থ ও হাড় গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এছাড়াও, শিশুর বৃদ্ধি এবং বিকাশের জন্য ক্যালসিয়াম ও ভিটামনি খুবই গুরুত্বপূর্ণ, যা একজন সুস্থ মায়ের বুকের দুধের মাধ্যমে শিশুর কাছে আসে। এই জন্যই স্তন্যদানকারী মায়েদের পর্যাপ্ত পরিমাণ ক্যালসিয়াম ও ভিটামিন নেওয়া খুবই দরকার, যাতে সন্তানের সঠিক বিকাশ হয়। শিশু জন্মের পর একজন মায়ের পুষ্টির ঘাটতি দেখা যায়। মায়েদের এই পুষ্টি ঘাটতি পূরণ করা সম্ভব হয়, ক্যালসিয়াম এবং ভিটামিন সাপ্লিমেন্ট এর মাধ্যমে।

## নির্দেশনা

- স্তন্যদানকারী মায়েদের জন্য, যাতে করে প্রয়োজনীয় ক্যালসিয়াম, ভিটামিন ও মিনারেলের মাত্রা নিশ্চিতকরণের মাধ্যমে শিশুর পূর্ণ বিকাশ হয়।
- জন্মোত্তর সময়ে প্রয়োজনীয় পুষ্টির ঘাটতি পূরণের জন্য।
- ক্যালসিয়াম, ভিটামিন ও মিনারেলের ঘাটতি পূরণের জন্য।

## সেবনমাত্রা ও সেবনবিধি

প্রয়োগের পথ: মুখে সেব্য। সকালে একটি ট্যাবলেট এবং রাতে একটি ট্যাবলেট।
**অথবা চিকিৎসকের পরামর্শ ও নির্দেশনা অনুসারে।**

## প্রতি নির্দেশনা

- হাইপারক্যালসেমিয়া এবং হাইপারপ্যারাথাইরয়ডিজম
- হাইপারক্যালসিউরিয়া
- প্রস্তুতির উপাদান সমুহের প্রতি অতিসংবেদনশীলতা

## সাবধানতা ও সতর্কতা

হাইপারক্যালসেমিয়া হলে মাত্রা বন্ধ করতে হবে। যে সকল রোগীর ক্ষেত্রে কিডনিতে পাথর সৃষ্টির ইতিহাস জানা গিয়েছে তাদেরকে বেশি তরল খাদ্য গ্রহণের জন্য পরামর্শ দেয়া উচিত।

## পার্শ্ব প্রতিক্রিয়া

**সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া ঃ** সাধারণত মুখে সেব্য ক্যালসিয়াম কার্বোনেট গ্রহণে অন্ত্রে অস্বস্তি অনুভূত হতে পারে, কোষ্ঠকাঠিন্যও দেখা দিতে পারে তবে এগশেল ক্যালসিয়াম দীর্ঘদিন সেবনে নিরাপদ যা অন্ত্রে অস্বস্তি বা কোষ্ঠকাঠিন্য তৈরি করেনা।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

উভয় ক্ষেত্রেই চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## অন্যান্য ঔষধের সাথে ক্রিয়া

**ঔষধের সাথে ঃ** এটির ডিজক্সিনের সাথে সম্ভাব্য সম্পর্ক থাকতে পারে।

## মাত্রাধিক্য

বমি বমি ভাব এবং বমি হওয়া, মুখ শুষ্ক হওয়া অথবা মাথা ঝিম ঝিম করা ইত্যাদি।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ৩০° সেলসিয়াস এর নিচে ও শুকনো স্থানে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

## মোড়কজাত

**ওভোক্যাল-মম্ :** প্রতি বাক্সে রয়েছে ৩০ টি ট্যাবলেট অ্যালু-পিভিডিসি ব্লিস্টারে। প্রতিটি ব্লিস্টার অ্যালুমিনিয়াম পাউচ এ সরবরাহ করা হয়।

প্রস্তুতকারক
**বীকন ফার্মাসিউটিক্যালস্ পিএলসি**
ভালুকা, ময়মনসিংহ, বাংলাদেশ

# Ovocal-mom

Calcium (eggshell source), Vitamin $D_3$ and 19 Vitamin & Minerals

**Composition**

**Ovocal-Mom :** Each film coated tablet contains Calcium Carbonate BP (eggshell source) 750.00 mg eq. to Calcium 300 mg + Vitamin D (As Dry Vitamin $D_3$ Cholecalciferol 1,00,000 IU/g) BP 8.00 mg eq. to Vitamin D 800 IU + Vitamin A (As Beta-Carotene 20%) BP 7.50 mg eq. to Vitamin A 2500 IU + Vitamin C (Ascorbic Acid) BP 123.711 mg eq. to Vitamin C 120 mg + Vitamin E (As Dry Vitamin E Acetate 50%) USP 60.00 mg eq. to Vitamin E 30 IU + Vitamin K (As Dry Vitamin $K_1$ 5%) USP 0.500 mg eq. to Vitamin K 25 mcg + Thiamine Mononitrate BP 2.30 mg (Vitamin $B_1$) + Riboflavin BP 2.60 mg (Vitamin $B_2$) + Niacin (Nicotinamide) USP 30.00 mg + Pyridoxine Hydrochloride BP 3.00 mg (Vitamin $B_6$) + Folic Acid BP 0.400 mg + Cyanocobalamin (As Cyanocobalamin 0.1%) BP 9.00 mg eq. to Vitamin $B_{12}$ 9 mcg + Biotin USP 0.300 mg + Calcium D Pantothenate BP 10.869 mg eq. to Pantothenic Acid 10 mg + Dried Ferrous Sulphate BP 56.934 mg eq. to Iron 18 mg + Magnesium Oxide BP 82.900 mg eq. to Magnesium 50 mg + Zinc Oxide BP 18.671 mg eq. to Zinc 15 mg + Sodium Selenate Ph. Grade 0.048 mg eq. to Selenium 20 mcg + Cupric Oxide Ph. Grade 2.503 mg eq. to Copper 2 mg + Manganese Sulphate BP 6.152 mg eq. to Manganese 2 mg + Chromic Chloride USP 0.615 mg eq. to Chromium 120 mcg.

**Description**

Ovocal-Mom tablet is the combination of Calcium Carbonate (eggshell source) with vitamin D & Vitamin A, Vitamin C, Vitamin E, Vitamin K, Vitamin $B_1$, Riboflavin Vitamin $B_2$, Vitamin $B_6$, Vitamin $B_{12}$, Niacin, Folic Acid, Biotin, Pantothenic Acid, Iron, Magnesium, Zinc, Selenium, Copper, Manganese & Chromium. It is 100% natural, highly digestible (98%), more absorbable and environment friendly calcium.

**Pharmacology**

Calcium plays a very important role in the body. It is necessary for normal functioning of bone, nerve cells, muscle and other vital organs and regulatory system of the body. If there is not enough Calcium in the blood, then the body will take Calcium from bones, thereby weakening bones and triggers different types of bone disorder. Vitamin $D_3$ helps the body to absorb Calcium. Having the right amounts of Calcium and Vitamin $D_3$ is important for building and keeping strong bones and healthy muscle. Magnesium also increases bone strength and rigidity. Vitamin A Maintain good vision and healthy skin, nails and hair. Vitamin E functions as a tissue antioxidant, thereby keeping cells healthy. Vitamin C plays a role in maintaining healthy gums, skin and connective tissue. Folic acid plays a role in the metabolism of cell division and in the regeneration of blood and cells. Iron helps maintain heathy red blood cells, which plays a role in oxygen. Selenium boost up immune system. Vitamin $B_6$ is required for the production of energy from protein, fat & carbohydrate. Biotin helps to grow healthy skin & hair. Pantothenic acid helps maintain healthy skin and mucous membranes. Some micro nutrients like copper, manganese, zinc and chromium also play important role in bone health. More over calcium & vitamins are also necessary for growth and development of babies which come from a healthy mom through breastfeeding. That's why sufficient amount of calcium, vitamin and mineral should be taken by lactating mother is very essential for their health development. After child birth a mother needs essential nutrients. Calcium, vitamin & mineral supplement can fulfill the nutrients deficiency of mother.

**Indications**

• For lactating mother to ensure balanced intake of calcium along with essential vitamins & minerals for child's development.
• Over come the deficiency of nutritional ingredient at post natal time.
• Calcium & nutrients deficiency

**Dosage & Administration**

Route of Administration: Oral. One tablet in the morning and one tablet at night.
**OR AS DIRECTED BY THE PHYSICIAN.**

**Contraindications**

• Hypercalcemia and hyperparathyroidism
• Hypercalciuria
• Hypersensitivity to the component of this preparation

**Warning & Precautions**

When hypercalcemia occurs, discontinuation of the drug is required. Patients with a history of kidney stone formation should also be recommended to increase their fluid intake.

**Side Effects**

Common Side Effects : Generally orally administered Calcium Carbonate may be irritating to the GI tract and it may also cause constipation but eggshell Calcium is safe for long term use without causing any GI discomfort or constipation.

**Use in Pregnancy & Lactation**

It should be used as directed by the physician during Pregnancy and Lactation.

**Drug Interaction**

It has possible interaction with digoxin.

**Overdose**

Symptoms of over dose may include nausea and vomiting, dry mouth, dizziness etc.

**Storage**

Store below 30°C and dry place, away from light. Keep out of the reach of children.

**Packing**

**Ovocal-Mom:** Each commercial box contains 30 tablets in Alu-PVDC blister pack. Each blister supplied in aluminium pouch.

Manufactured By
BEACON®
Pharmaceuticals PLC
Bhaluka, Mymensingh, Bangladesh

LF49701